দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 APR 2008
পৃষ্ঠা ৯ কলাম ৪

### রাবির ১৫১ শিক্ষকের বিবৃতি

# সব বিশ্ববিদ্যালয়ে নিয়োগকৃত দলীয় ব্যক্তিদের অপসারণের দাবি

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় প্রশাসনের সকল স্তর থেকে অবিলম্বে দলীয় বিবেচনায় নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের অপসারণ এবং এ সব বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে সংঘটিত অনিয়ম-দুর্নীতি তদন্তের মাধ্যমে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৫১ শিক্ষক। শনিবার শিক্ষকবৃন্দ এক যুক্তবিবৃতিতে এ দাবি জানান।

বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকরা হলেন, ড. এম সাইদুর রহমান খান, আবদুস সোবহান, মোখলেসুর রহমান, মলয় ভৌমিক, চিত্তরঞ্জন মিশ্র, গোলাম সাব্বির সাত্তার তাপু, আনন্দ কুমার সাহা, এম শহীদুল্লাহ, খন্দকার ফরহাদ হোসেন, জুলফিকার মতিন, শামসুদ্দিন ইলিয়াস, ফায়েক উজ্জামান, আনিসুর রহমান, আহসান কবির বিপু, হাসিবুল আলম প্রধান, মুসতাক আহমেদ প্রমুখ। এদিকে শিক্ষকদের বিবৃতি সম্পর্কে দলীয় বিবেচনায় বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে নিয়োগপ্রাপ্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বহুল আলোচিত উপাচার্য অধ্যাপক এম আলতাফ হোসেন কিছু জানেন না বলে সাংবাদিকদের জানান।